



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)  
৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০  
[www.pib.gov.bd](http://www.pib.gov.bd)

**বিষয়ঃ নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**


সভাপতি : মো. জাকির হোসেন, আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি ও পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব  
সভার তারিখ : ০৩.১০.২০২৩ খ্রি.  
সভার সময় : সকাল ১১:০০ টা  
স্থান : পরিচালক (প্রশাসন)-এর দপ্তর  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব মল্লিক আল-আমীন কর্তৃক প্রস্তুতকৃত পিআইবি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) উপস্থাপন করেন। উক্ত প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা শেষে কমিটি কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয়। পরবর্তীতে জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা দ্বিতীয় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রার বিষয়াদি উপস্থাপন করেন। উক্ত কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচনা শেষে পিআইবি'র কর্ম-পরিবেশ উন্নয়ন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত	১।	পিআইবি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.৫.১ অনুযায়ী ২০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করা হবে।
	২।	কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত/যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের নির্দেশনা প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

এছাড়া সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. জাকির হোসেন)  
আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট  
নৈতিকতা কমিটি  
ও  
পরিচালক (প্রশাসন)  
চলতি দায়িত্ব

**বিতরণঃ**

- ১। ড. কামরুল হক, পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা
- ২। মোহাম্মদ নাছির উদ্দিন চৌধুরী, নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব), পিআইবি, ঢাকা।
- ৩। জনাব পংকজ কর্মকার, সহকারী অধ্যাপক ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা
- ৪। জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা
- ৫। জনাব মল্লিক-আল-আমীন, সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, পিআইবি, ঢাকা।